**কর্মসংস্থান ব্যাংক**
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু**

**কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ**

হিসাব পরিপত্র নং- ০১/২০১৭ তারিখ ঃ ০৬.০৩.২০১৭

**বিষয় ঃ ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে রেমিটেন্সের তহবিল গ্রহণ, গ্রাহককে রেমিটেন্স প্রদানসহ অন্যান্য লেনদেনের হিসাব পদ্ধতি।**

ব্যাংকের পরিচালনা বোর্ডের ০৭.০২.২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৪১ তম সভার সিদ্ধান্ত মোতাবেক কর্মসংস্থান ব্যাংক ও ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ এর মধ্যে ফরেন রেমিটেন্স ডেলিভারি সম্পর্কিত চুক্তি গত ২৩.০২.২০১৭ তারিখে সম্পাদন হয়েছে। সম্পাদিত চুক্তির প্রেক্ষিতে ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে লেনদেনের হিসাব পদ্ধতির জন্য পৃথক পৃথক নিম্নরূপ হিসাব খাত ও হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে ঃ

**(ক) ফরেন রেমিটেন্স ডেলিভারি উদ্দেশ্যে এনসিসি ব্যাংক লিঃ থেকে প্রাপ্ত অগ্রিম এর হিসাবায়ন পদ্ধতি (প্রধান কার্যালয়) ঃ**

এনসিসি ব্যাংক লিঃ এর সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী ফরেন রেমিটেন্স ডেলিভারির উদ্দেশ্যে এনসিসি ব্যাংক লিঃ থেকে প্রাপ্ত অগ্রিম সংরক্ষণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এনসিসি ব্যাংক লিঃ ফরেন এক্সেঞ্জ শাখা, মতিঝিল, ঢাকায় এ ব্যাংকের প্রধান কার্যালয়ের নামে একটি চলতি হিসাব খোলা হয়েছে। এনসিসি ব্যাংক লিঃ থেকে প্রাপ্ত অগ্রিম "০৩০০০০- প্রদেয় ঋণ/অগ্রিম" খাতের "০৩০৬০০- প্রদেয় রেমিটেন্স অগ্রিম" উপ-খাতের অন্তর্ভুক্ত হবে। এ হিসাব খাত শুধুমাত্র প্রধান কার্যালয় কর্তৃক ব্যবহৃত হবে। এনসিসি ব্যাংক লিঃ থেকে কর্মসংস্থান ব্যাংকে তহবিল স্থানান্তরের ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৮০২০১- চলতি হিসাব | ০৩০৬০০- প্রদেয় রেমিটেন্স অগ্রিম |

**(খ) গ্রাহককে রেমিটেন্স ডেলিভারির হিসাবায়ন পদ্ধতি (শাখা কার্যালয়) ঃ** প্রধান কার্যালয়ের রেমিটেন্স সেল থেকে সংশ্লিষ্ট শাখায় রেমিটেন্স এর তথ্য প্রাপ্তির পর সংশ্লিষ্ট গ্রাহকের সাথে যোগাযোগ করতে হবে। গ্রাহকের রেমিটেন্স এর অর্থ পরিশোধের সময় তার পরিচয় নিশ্চিত হওয়ার জন্য নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ও রেমিটেন্স সেল থেকে প্রদানকৃত পিন নম্বর যাচাই করে দ্রুত তাকে তার প্রাপ্য রেমিটেন্স ডেলিভারি করতে হবে এবং প্রতি ডেলিভারির ক্ষেতে ১০০.০০ (একশত) টাকা সার্ভিস চার্জ হিসাবে আয় খাতভুক্ত করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩০১১৪- আদায়যোগ্য রেমিটেন্স (রেমিটেন্স আয়সহ) | ০৮০২০২- এসএনডি হিসাব |
| | ০৪০২২৪- রেমিটেন্স ব্যাংকিং এর আয়। |

**(গ) গ্রাহককে ডেলিভারিকৃত রেমিটেন্স প্রধান কার্যালয়ে প্রেরণ হিসাবায়ন পদ্ধতি (শাখা কার্যালয়)** ঃ শাখা কর্তৃক গ্রাহককে রেমিটেন্স ডেলিভারির সাথে সাথে প্রধান কার্যালয়ের রেমিটেন্স সেলকে অবহিত করতে হবে এবং প্রদানকৃত টাকা পুনর্ভরনের লক্ষ্যে এ বিভাগে এডভাইস প্রেরণ করতে হবে।এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১১০২০০- কেবি আন্ত অফিস হিসাব (রেমিটেন্স আয়সহ) | ১৩০১১৪- আদায়যোগ্য রেমিটেন্স (রেমিটেন্স আয়সহ) |

**ক্রমশ: পৃষ্ঠা নং ০২**

(ঘ) **শাখা থেকে প্রাপ্ত রেমিটেন্স এর এডভাইস হিসাবায়ন পদ্ধতি (প্রধান কার্যালয়)** ঃ শাখা থেকে গ্রাহককে ডেলিভারিকৃত রেমিটেন্স এর এডভাইস পাওয়ার পর হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৩০৬০০- প্রদেয় রেমিটেন্স অগ্রিম (রেমিটেন্স আয়সহ) | ১১০২০০- কেবি আন্ত অফিস হিসাব (রেমিটেন্স আয়সহ) |

(ঙ) **গ্রাহককে ডেলিভারিকৃত রেমিটেন্স এর টাকা পুনর্ভরন প্রাপ্তির হিসাবায়ন পদ্ধতি (প্রধান কার্যালয়)** ঃ গ্রাহককে প্রদানকৃত রেমিটেন্স এর অর্থ এনসিসি ব্যাংক লিঃ থেকে পুনর্ভরনের লক্ষ্যে ব্যাংকের রেমিটেন্স সেলের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংকে দাবী প্রেরণ করতে হবে। এনসিসি ব্যাংক লিঃ হতে প্রাপ্ত রেমিটেন্স এর পুনর্ভরনের অর্থ উক্ত ব্যাংকের সাথে সংরক্ষিত চলতি হিসাবে জমা হবে । এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৮০২০১- চলতি হিসাব | ০৩০৬০০- প্রদেয় রেমিটেন্স অগ্রিম |

০২। ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে রেমিটেন্সের তহবিল গ্রহণ, গ্রাহককে রেমিটেন্স প্রদানসহ অন্যান্য লেনদেনের হিসাব পদ্ধতি সঠিকভাবে হিসাবায়নের জন্য উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। এছাড়াও এ পরিপত্রে বর্ণিত সংশ্লিষ্ট খাত/উপ-খাতসমূহ হিসাব কোড তালিকায় (সাধারণ খতিয়ান/সহায়ক খতিয়ানসহ প্রযোজ্য সকল খতিয়ান/বৈষয়িক বিবরণী/এনবিডিসি) সন্নিবেশ করাসহ যথাযথভাবে তথ্য উপস্থাপনের জন্য হিসাব পদ্ধতি অনুরূপ **'রেকর্ড রেজিস্টার'**/Source Data Register সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া গেল। এ পরিপত্রের কোন বিষয়ে কোন প্রকার ব্যাখ্যা/অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে এ বিভাগের পরামর্শ গ্রহণ করার নির্দেশ দেয়া গেল।

০৩। ফরেন রেমিটেন্স ডেলিভারির বিষয়ে ব্যাংক শাখা পর্যায়ে পরিপালন/করনীয় সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগ হতে পরিপত্র জারী করা হবে।

০৪। এ আদেশ অনতিবিলম্বে কার্যকরী হবে।

অনুমোদনক্রমে-

৬/৩/২০১৭

**(এ বি এম সফিকুর রহমান)**
উপ-মহাব্যবস্থাপক

পত্র সূত্র নং- কেবি/ প্রকা/কেহি-১৪১/২০১৬-২০১৭/১৮৩৯ (২৮০)

তারিখ ঃ ০৬.০৩.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি ও প্রকৌশল বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়।
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
৮। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
৯। অফিস নথি।

06.03.2017

**(মোহাম্মদ জাকির হোসেন)**
সহকারী মহাব্যবস্থাপক